দৈনিক ইনকিলাব

তারিখ ... DEC. 0 6 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

## পাঠ্যপুস্তকে ভুল না ছাপাখানার ভূত

শিক্ষাবোর্ড প্রকাশিত বইতে আমাদের জাতীয় কবি সম্পর্কিত বিষয়ে ৩ বছরের হেরফের হওয়া আমার মাথায় ঢুকছে না। আমরা যারা সাধারণ ছাত্র তারা কোনটাকে সঠিক বলে গ্রহণ করব তা আল্লাহমালুম। প্রতিবছর বইগুলোর নতুন সংস্কারণ বের হয় (!) কিন্তু কি সংস্করণ হয় তা আমরা ছাত্ররাই জানি। এ পর্যন্ত যে ত্রুটি সম্পর্কে বললাম, তা আমার চোখে ধরা পড়েছে। ভাল করে লক্ষ্য করলে হয়ত আরও ত্রুটি ধরা পড়বে।

পরিশেষে একটি কথা বলতে চাই, এটাকে আমাদের দাবীও বলা যায়– একটি তথ্য যদি একাধিক বইতে ব্যবহার করতে হয় তবে তা যেন একই রকম হয় এবং পাঠ্যপুস্তকের তথ্যগুলোর মাঝে সামঞ্জস্য থাকে। ভুল-ত্রুটি শোধরাবার দায়িত্ব আমাদের নয়। যাদের দায়িত্ব তারা তা পালন করছেন না। ফলে আমরা ছাত্ররা হচ্ছি বিভ্রান্ত।

– মোঃ আবিদুর রহমান (আবিদ),
দশম শ্রেণী, বিজ্ঞান বিভাগ,
বামনী উচ্চ বিদ্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী